

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি শাখা-০২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৯.১০৯

তারিখ: ১ আশ্বিন ১৪২৬

১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া'র প্রশিক্ষক (ইংরেজি) জনাব মো: হামিদুর রহমান-এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদনের সুপারিশ/মতামতের আলোকে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: অডিট ও আইন শাখার স্মারক নং-৫৭.০০.০০০০.০২৩.১৬.০০২.১৯-৪১৬, তারিখ: ১৮/০৮/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া'র কর্মকর্তা জনাব মো: হামিদুর রহমান, প্রশিক্ষক (ইংরেজি) এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের তদন্ত প্রতিবেদনের নিম্নোক্ত সুপারিশ/মতামতের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক)	যেহেতু জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া'তে কর্মরত সকল সহকারী প্রশিক্ষক, প্রশিক্ষক এবং সিনিয়র প্রশিক্ষক কম্পিউটার বিষয়ে ক্লাস নিয়ে থাকেন এবং নিচ্ছেন সেহেতু সমতা বিধানের লক্ষ্যে প্রশিক্ষক (ইংরেজি) জনাব মো: হামিদুর রহমানের জন্য কম্পিউটার ক্লাস নেয়ার বিষয়টি বাধ্যতামূলক করা প্রয়োজন;
(খ)	যেহেতু একাধিক মহিলা প্রশিক্ষার্থীগণের পক্ষ থেকে জনাব হামিদুর রহমানের বিরুদ্ধে ইভ টিজিং এর অভিযোগ উত্থাপিত হয়েছে এবং অভিযোগের বিষয়বস্তু ও জনাব হামিদুর রহমান কর্তৃক প্রদত্ত জবাব হতে আনীত অভিযোগ সম্পূর্ণ মিথ্যা মর্মে প্রতীয়মান হয়নি সেহেতু ভবিষ্যত জটিলতা এড়ানোর জন্য জনাব মো: হামিদুর রহমানকে হোস্টেলের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া প্রয়োজন;
(গ)	একাডেমিক কর্মকর্তা কর্মচারীদের মধ্যে পারস্পরিক কাদা ছোড়াছুড়ির অভ্যাস বিদ্যমান মর্মে তদন্তে স্পষ্ট হয়েছে। পারস্পরিক কাদা ছোড়াছুড়ির অভ্যাস বিদ্যমান থাকায় নেকটারের সৌহার্দপূর্ণ পরিবেশের অভাব পরিলক্ষিত হয়েছে। নেকটারের পারফরমেন্স বৃদ্ধির নিমিত্ত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সৌহার্দপূর্ণ পরিবেশ তৈরির লক্ষ্যে পরিচালক-কে আরও বন্ধু এবং অভিভাবকসুলভ ভূমিকা যেমন রাখা প্রয়োজন তেমনিভাবে মোটিভেশনাল প্রোগ্রাম করা প্রয়োজন;
(ঘ)	অনুমোদিত সর্বশেষ গ্রেডেশন তালিকা অনুসরণক্রমে পরবর্তী সকল পদায়ন/দায়িত্ব প্রদান নিশ্চিত করা প্রয়োজন।

১৬-৯-২০১৯

মোঃ আবদুর রহমান

পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী  
(নেকটার), বগুড়া।

উপসচিব  
ফোন: ৯৫৭৩৫৫৬  
ইমেইল: ds\_tec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৯.১০৯/১(৫)

তারিখ: ১ আশ্বিন ১৪২৬  
১৬ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) যুগ্মসচিব (কারিগরি) এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



১৬-৯-২০১৯  
মোঃ আবদুর রহমান  
উপসচিব